

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন দৈনিক মিত্র

পবিপ্রবিতে শিক্ষার্থীদের অবস্থান ধর্মঘট



০৬ সেপ্টেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ



দুমকি (পটুয়াখালী) সংবাদদাতা

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) চলতি সেশনের অধ্যয়নরত আটটি অনুষদের শিক্ষার্থীরা প্রবেশন দাবিতে বিক্ষোভ মিছিল ও অবস্থান ধর্মঘট শুরু করেছে।

বুধবার সকালে বিভিন্ন অনুষদের তিন শতাধিক শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ মিছিল ও অবস্থান ধর্মঘট শুরু করে। শিক্ষার্থীদের দাবি, নতুন নিয়মে কর্তৃপক্ষ প্রবেশন পদ্ধতি চালু করেছে যা আগে ছিল না। এর প্রেক্ষিতে দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীরা রেজিস্ট্রার বরাবর আবেদন করেন। কিন্তু ওই আবেদনে কর্তৃপক্ষ কোনো সাড়া না দেওয়ায় বুধবার সকাল ১০টা থেকে শেষ খবর পাওয়া পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। চলতি শিক্ষাবর্ষে ২য় সেমিস্টারের ব্যবসা প্রশাসন অনুষদে ১৪ জন, কৃষি অনুষদে ২১ জন, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান অনুষদে ৪ জন, মাৎস্যবিজ্ঞান অনুষদে ৪ জন, দুর্যোগ ব্যবস্থাপনা অনুষদে ১ জন শিক্ষার্থী প্রবেশনে গেছেন। এই বছরের জন্য প্রবেশন উঠিয়ে নেওয়াসহ প্রবেশন পাওয়া শিক্ষার্থীদের একসঙ্গে মিডটার্ম পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া এবং ক্লাস চালিয়ে যাওয়ার অনুমতি না দেওয়া হলে আন্দোলন অব্যাহত থাকবে বলে জানান তারা।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. আবুল কাসেম চৌধুরী বলেন, একাডেমিক রুলস এ প্রবেশন দেওয়ার বিধান নেই। শিক্ষার্থীদের নিবৃত্ত করা হয়েছে ৬, ভিসি স্যার ক্যাম্পাসে ফিরলে একাডেমিক কাউন্সিল এ ব্যাপারে সিদ্ধান্ত দেবে। এর জন্য তাদের অপেক্ষা করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর স্বদেশ চন্দ্র সামন্ত বলেন, ছাত্রদের দাবি অযৌক্তিক, নতুন শিক্ষার্থীদের এ আইনের বিষয়ে ভর্তির পূর্বেই বলা হয়েছে। এখন লেখাপড়া না করলে ফেল করা শিক্ষার্থীদের কোনো ক্রমেই পরবর্তী সেমিস্টারে ক্লাস বা পরীক্ষার অনুমতি দেওয়া যায় না। তার পরেও উপাচার্য ক্যাম্পাসে ফিরলে তাদের (আন্দোলনরত শিক্ষার্থীদের) বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত